This is a public announcement for information purposes only and does not constitute an offer to acquire the securities. Not for release, publication or distribution, directly or indirectly outside India.

VAIBHAV VYAPAAR LIMITED

Corporate Identity Number: U51909WB2009PLC133054

Our Company was originally incorporated as Vaibhav Vyapaar Private Limited on 24.02.2009 under the Companies Act, 1956 with Corporate Identification Number of the Company U51909WB2009PTC133054, vide certificate of incorporation issued by the Registrar of Companies, West Bengal. Subsequently, the name of the company was changed from "Vaibhav Vyapaar Private Limited" to "Vaibhav Vyapaar Limited" under the Companies Act, 2013 pursuant to a special resolution passed by our shareholders at the Extra-Ordinary General Meeting held on 02.01.2026 and obtained fresh certificate of incorporation dated 02.06.2026 issued by the Registrar of Companies Central Processing Centre, Manesar with Corporate Identification Number of the Company U51909WB2009PLC133054. For details pertaining to the changes of name and registered office of our company, please refer to the chapter titled "History and Corporate Structure" on page no. of this Prospectus.

PROMOTERS OF OUR COMPANY: ITHA VENKATA RAGHAVA GOWRINATH AND CAPFRONT TECHNOLOGIES PRIVATE LIMITED

THE ISSUE IS BEING MADE THROUGH BOOK BUILDING PROCESS. IN ACCORDANCE WITH CHAPTER IX OF SEBI ICDR REGULATIONS (INITIAL PUBLIC OFFER OF SMALL AND MEDIUM ENTERPRISES) OR ANY OTHER REGULATION AS MAY BE APPLICABLE OF SEBI ICDR REGULATIONS, 2018, AS AMENDED FROM TIME TO TIME AND EQUITY SHARES ARE PROPOSED TO BE LISTED ON SME PLATFORM OF NATIONAL STOCK EXCHANGE OF INDIA LIMITED (NSE EMERGE).

Our Company is a Non-Banking Financial Company (NBFC) registered with the Reserve Bank of India (RBI). We provide unsecured personal loans to salaried individuals and self-employed individuals through our fully digital lending platform, both on a direct lending and co-lending basis. In parallel, we also generate revenue by offering our application and technology services to other NBFCs. Our operating model enables credit access, particularly first-time borrowers, including lower-income salaried professionals. We company operate through our mobile application, which support loan origination, due diligence and underwriting process along with documentation, disbursal, and repayment. Our digital infrastructure uses verification and technology-enabled tools that facilitate credit assessment, credit decisioning and risk evaluation. For further details, please refer to the chapter titled "Our Business" on page no. 113 of this Prospectus.

BASIS OF ALLOTMENT

INITIAL PUBLIC ISSUE OF UP TO 77,96,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 5/- EACH OF VAIBHAV VYAPAAR LIMITED ("VVL" OR THE "COMPANY" OR THE "ISSUER") FOR CASH AT A PRICE OF ₹ 54/- PER EQUITY SHARE INCLUDING A SHARE PREMIUM OF ₹ 49/- PER EQUITY SHARE (THE "ISSUE PRICE") AGGREGATING TO ₹4209.84 LAKHS ("THE ISSUE"). OF WHICH 3,90,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 5/- EACH FOR CASH AT A PRICE OF ₹ 54/- PER EQUITY SHARE INCLUDING A SHARE PREMIUM OF ₹ 49/- PER EQUITY SHARE AGGREGATING TO ₹ 210.60 LAKHS WILL BE RESERVED FOR SUBSCRIPTION BY MARKET MAKER TO THE ISSUE (THE "MARKET MAKER RESERVATION PORTION"). THE ISSUE LESS THE MARKET MAKER RESERVATION PORTION i.e. NET ISSUE OF 74,06,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 5/- EACH AT A PRICE OF ₹ 54/- PER EQUITY SHARE INCLUDING A SHARE PREMIUM OF ₹ 49/- PER EQUITY SHARE AGGREGATING TO ₹ 3999.24 LAKHS IS HEREINAFTER REFERRED TO AS THE "NET ISSUE". THE ISSUE AND THE NET ISSUE WILL CONSTITUTE 27.66 % AND 26.28 %, RESPECTIVELY, OF THE POST ISSUE PAID UP EQUITY SHARE CAPITAL OF OUR COMPANY.

ISSUE PRICE: RS. 54.00/- PER EQUITY SHARE OF FACE VALUE OF RS.5.00/- EACH
ANCHOR INVESTOR OFFER PRICE IS: Rs. 54.00 PER EQUITY SHARE OF FACE VALUE OF RS.5.00/- EACH
THE ISSUE PRICE IS 10.8 TIMES OF THE FACE VALUE

BID/ ISSUE PROGRAM

ANCHOR INVESTOR BIDDING OPENED AND CLOSED ON: 12.10.2026
BID/ ISSUE OPENED ON: 13.10.2026
BID/ ISSUE CLOSED ON: 15.10.2026

RISK TO INVESTORS

1. Risk to Investors: Top 5 risk factors

a) Our business is exposed to interest rate volatility, which may adversely affect our lending and treasury operations, Net Interest Income, Net Interest Margin and results of operations.

b) Our success depends on retaining and expanding our customer base. If we are unable to attract new customers or are unable to retain and grow our relationships with our existing customers, our business, financial condition, cash flows, results of operations and prospects would be materially and adversely affected.

c) A significant portion of our Assets Under Management ("AUM") is concentrated in certain states and regions of India. Any adverse economic, regulatory, political, climatic, social or business developments in such states or regions could have a material adverse effect on our business, financial condition, results of operations and cash flows.

d) Our lending operations primarily involve unsecured loans to borrowers with a relatively higher risk profile, and any increase in defaults or our inability to recover outstanding dues may have a material adverse effect on our business, financial condition, cash flows and results of operations.

e) Our business operations are highly dependent on the continuous availability, reliability, scalability and security of our mobile application and underlying information technology infrastructure. Any disruption, failure or security breach affecting our technology systems could adversely affect our business, financial condition, results of operations, cash flows and prospects.

For further details refer chapter titled "Risk Factor" on page 27 of this Prospectus

PROPOSED LISTING

The Offer was being made through the Book Building Process, in terms of Rule 19(2)(b)(i) of the Securities Contracts (Regulation) Rules, 1957, as amended ('SCRR') read with Regulation 253 of the SEBI ICDR Regulations, as amended, wherein not more than 50% of the Net Offer was available for allocation on a proportionate basis to Qualified Institutional Buyers ('QIBs', the 'QIB Portion'). Our Company in consultation with the Book Running Lead Manager has allocated upto 60% of the QIB Portion to Anchor Investors on a discretionary basis in accordance with the SEBI ICDR Regulations ('Anchor Investor Portion'). Further, not less than 15% of the Net Offer shall be available for allocation on a proportionate basis to Non-Institutional Bidders and not less than 35% of the Net Offer was made available for allocation to Individual Investors in accordance with the SEBI (ICDR) Regulations, subject to valid Bids being received at or above the Offer Price. All potential Bidders (except Anchor Investors) were required to mandatorily utilise the ASBA process providing details of their respective ASBA accounts, and UPI ID in case of Individual Investors using the UPI Mechanism, if applicable, in which the corresponding Bid Amounts will be blocked by the SCSBs or by the Sponsor Bank under the UPI Mechanism, as the case may be, to the extent of respective Bid Amounts. Anchor Investors were not permitted to participate in the Offer through the ASBA process. For details, refer 'Issue Procedure' beginning on page 234 of the Prospectus. The investors are advised to refer to the Prospectus for the full text of the Disclaimer clause pertaining to NSE EMERGE. For the purpose of this Offer, the designated Stock Exchange will be National Stock Exchange of India Limited . The trading is proposed to be commenced on 21.10.2026.*

**Subject to the receipt of listing and trading approval from the National Stock Exchange of India Limited ('NSE EMERGE').*

SUBSCRIPTION DETAILS

The Issue is being made in compliance with the provisions of Regulation 229(2) and 253 of Chapter IX of the SEBI (ICDR) Regulations, 2018 and through the Book Building Issue. For further details, refer to chapter titled "Issue Structure" beginning on page 230 of the Prospectus. "The bidding for Anchor Investors opened and closed on 12.10.2026. The Company received 6 Anchor Investors applications for 26,00,000 Equity Shares. The Anchor Investor Allocation price was finalized at ₹54.00/- per Equity Share. A total of 22,00,000 Equity Shares were allotted under the Anchor Investors portion aggregating to ₹ 118,800,000/-.

The Offer (excluding Anchor Investors Portion) received 2306 Applications for 17,332,000 Equity Shares resulting 3.10 times subscription (including reserved portion of market maker and excluding anchor investor portion). The details of the Applications received in the Offer from various categories are as under (before rejections):"

Detail of the Applications Received (Excluding Anchor Investor):

Sr. No.	Category	Number of Applications	No. of Equity Shares applied	Equity Shares Reserved as per Prospectus	No. of times Subscribed	Amount (Rs.)
1	Individual Investors	1,758	7,032,000	2,596,000	2.71	379,592,000.00
2	Non-Institutional Investors (More than 2 lots and upto to ₹ 10 Lakhs)	248	1,574,000	372,000	4.23	84,972,000.00
3	Non-Institutional Investors (above ₹ 10 Lakhs/-)	294	5,938,000	744,000	7.98	320,652,000.00
4	Qualified Institutional Bidders (excluding Anchors Investors)	5	2,398,000	1,494,000	1.61	129,492,000.00
5	Market Maker	1	390,000	390,000	1.00	21,060,000.00
	Total	2,306	17,332,000	5,596,000	3.10	935,768,000.00

Final Demand: A summary of the final demand as per NSE as on the Bid/ Offer Closing Date at different Bid prices is as under:

Sr. No.	Bid Price	No. of Equity Shares	% to Total	Cumulative Share Capital	Cumulative % of Total
1	51	158,000	0.55	158,000	0.55
2	52	482,000	1.69	640,000	2.25
3	53	44,000	0.15	684,000	2.40
4	54	27,790,000	97.60	28,474,000	100.00
5	CUTOFF	-	0.00		
	Total	28,474,000	100.00		

ALLOCATION: The Basis of Allotment was finalized in consultation with the Designated Stock Exchange – National Stock Exchange of India Limited ("NSE EMERGE") on 16.10.2026.

1. Allotment to Individual Investor (After Rejection): "The Basis of Allotment to the Individual Investors, who have Bid at cut-off Price or at or above the Offer Price of ₹54 per Equity Share, was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 2.66256 times. The total number of Equity Shares Allotted in this category is 2,596,000 Equity to 649 successful applicants. The details of the Basis of Allotment of the said category are as under:":

Sr. No.	Number of shares applied for category wise	Number of Applications Received	% of Total	Total No of shares Applied	% of Total	Number of Shares Allotted to applicant	Ratio	Total Number of shares Allocated/allotted
1	4,000	1,728	100.00	6,912,000	100.00	4,000	649 : 1728	2,596,000
	TOTAL	**1,728**	**100.00**	**6,912,000**	**100.00**			**2,596,000**

2. Allotment to Non- Institutional Investor (More than Rs. 2 Lakhs and upto Rs. 10 Lakhs) (After Rejection): "The Basis of Allotment to the Non-Institutional Investors, who have Bid at cut-off Price or at or above the Offer Price of ₹54 per Equity Share, was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 4.09140 times. The total number of Equity Shares Allotted in this category is 372,000 Equity to 62 successful applicants. The details of the Basis of Allotment of the said category are as under:":

Sr. No.	Number of shares applied for Category wise	Number of Applications Received	% of Total	Total No. of shares Applied	% of Total	Number of Shares Allotted to applicant	Ratio	Total Number of shares Allocated/allotted
1	6000	219	91.25	1,314,000	86.33	6000	57 : 219	342,000
2	8000	13	5.42	104,000	6.83	6000	3 : 13	18,000
3	10000	5	2.08	50,000	3.29	6000	1 : 5	6,000
4	18000	3	1.25	54,000	3.55	6000	1 : 3	6,000
	Total	**240**	**100.00**	**1,522,000**	**100.00**			**372,000**

3. Allotment to Non- Institutional Investor (More than 10 Lakhs) (After Rejection): "The Basis of Allotment to the Non- Institutional Investors, who have Bid at cut-off Price or at or above the Offer Price of ₹54 per Equity Share, was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 7.87366 times. The total number of Equity Shares Allotted in this category is 744,000 Equity to 124 successful applicants. The details of the Basis of Allotment of the said category are as under:":

Sr. No.	Number of shares applied for Category wise	No of Applications Received	% of Total	Total No. of shares Applied	% of Total	No. of Equity Shares allotted to Applicant	Ratio	Total No of shares Allocated/ Allotted
1	20000	285	98.28	5,700,000	97.30	6,000	122 : 285	732,000
2	26000	1	0.34	26,000	0.44	6,000	0 : 1	-
3	32000	2	0.69	64,000	1.09	6,000	1 : 2	6,000
4	34000	2	0.69	68,000	1.16	6,000	1 : 2	6,000
	TOTAL	**290**	**100.00**	**5,858,000**	**100.00**			744,000

4. Allotment to Qualified Institutional Bidders (excluding Anchor Investors) (After Rejection): "The Basis of Allotment to the Qualified Institutional Investors, who have Bid at cut-off Price or at or above the Offer Price of ₹54 per Equity Share, was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 1.605087 times. The total number of Equity Shares Allotted in this category is 1,494,000 Equity to 5 successful applicants. The details of the Basis of Allotment of the said category are as under:":

Category	FI'S/BANK'S	MF'S	IC'S	NBFC'S	AIF	FPC/FII	Others	Total
QIB	-	-	-	-	-	230,000	1,264,000	**1,494,000**

5. Allotment to Market Maker (After Rejection): "The Basis of Allotment to the Market Maker Investors, who have Bid at cut-off Price or at or above the Offer Price of ₹54 per Equity Share, was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 1.00000 times. The total number of Equity Shares Allotted in this category is 390,000 Equity to 1 successful applicant. The details of the Basis of Allotment of the said category are as under:":

Sr. No.	Number of shares applied for category wise	Number of Applications Received	% of Total	Total No of Shares applied	% of Total	Number Shares allocated to applicant	Ratio	Total Number of shares Allocated/ Allotted
1	390,000	1	100.00	390,000	100.00	390,000	1:1	390,000
	TOTAL	**1**	**100.00**	**390,000**	**100.00**			**390,000**

6. Allotment to Anchor Investor: "The company in consultation with the BRLM has allocated 2,200,000 equity shares to 6 Anchor Investors Issue Price of Rs. 54. per equity shares in accordance with SEBI (ICDR) Regulations. This represents upto 60% of QIB:":

CATEGORY	FIS/BANKS	MF'S	IC'S	NBFC'S	AIF	FPI/FPC	VC'S	TOTAL
ANCHOR	-	-	-	372,000	1,828,000	-	-	2,200,000

The Board of Directors of the Company at its meeting held on 16.10.2026 has taken on record the Basis of Allocation of Equity Shares and as approved by the Designated Stock Exchange i.e. National Stock Exchange of India Limited on 16.10.2026 and has authorized the corporate action to allot the Equity Shares to various successful applicants.

The CAN-cum-Refund Orders and allotment advice and/or notices are dispatched to the address of the Applicants as registered with the depositories on or before 16.10.2026. Further, the instructions to Self-Certified Syndicate Banks for unblocking the amount were being processed on or before 16.10.2026. The Equity Shares allocated to successful applicants are being credited to their beneficiary accounts subject to validation of the account details with the depositories concerned. In case the same is not received within four days, investors may contact the Registrar to the issue at the address given below. The Equity Shares allocated to successful applicants shall be uploaded on or before 19.10.2026, or credit into the respective beneficiary accounts subject to validation of the account details with depositories concerned. The Company is in the process of obtaining approval from National Stock Exchange of India Limited and the trading of the equity shares is expected to commence trading on 21.10.2026.

NOTE: All capitalized terms used and not defined herein shall have the respective meaning assigned to them in the Prospectus. The details of the allotment made would also be hosted on the website of the Registrar to the Issue KFin Technologies Limited at www.kfintech.com. All future correspondence in this regard may kindly be addressed to the Registrar to the Issue quoting full name of the First/Sole applicants, serial number of the Application Form, number of shares applied for, applicants DP ID, Client ID, PAN, date of submission of the Bid cum Application Form, address of the applicants, Bank Branch where the application had been submitted, copy of the acknowledgement Slip and payment details at the address of the Registrar given below:

Continued on next page

Continued from previous page

BOOK RUNNING LEAD MANAGER	REGISTRAR TO THE ISSUE	COMPANY SECRETARY AND COMPLIANCE OFFICER
Getfive	KFINTECH	VAIBHAV VYAPAAR
Getfive Advisors Private Limited **SEBI Registration Number:** INM000013147 **Address:** 4th Floor, Motilal Oswal Tower, Opp. Zion Z1 Tower, Sindhubhavan Road, Thaltej, Ahmedabad, Gujarat – 380059 **Telephone Number:** +91 79907 29901 **Email Id:** investor.grievance@getfive.in **Investors Grievance Id:** investor.grievance@getfive.in **Website:** www.getfive.in ; **Contact Person:** Aman Jain **CIN:** U70200GJ2023PTC144770	**Kfin Technologies Limited** **SEBI Registration Number:** INR000000221 **Address:** 301, The Centrium, 3rd Floor, 57, Lal Bahadur Shastri Road, Nav Pada, Kurla (West), Kurla, Mumbai, Maharashtra, India, 400070 **Tel. Number:** – +91-40-67162222/18003094001 **Email Id:** vaibhav.ipo@kfintech.com **Investors Grievance Id:** einward.ris@kfintech.com **Website:** www.kfintech.com ; **Contact Person:** Williams R **CIN:** L72400MH2017PLC444072	**Vaibhav Vyapaar Limited** **Registered Office Address:** Arch Square-X2, Unit-1406, 14th Floor, EP-GP Block, Sector V, Bidhannagar, Kolkata, Bidhan Nagar CK Market, North 24 Parganas, Salt-lake, West Bengal, India, 700091. **Contact Person:** Aditya Singh Solanky, Company Secretary and Compliance Officer **Telephone:** +91 9986611345 **Email:** : investors@vaibhav-vyapaar.com **Website:** www.vaibhav-vyapaar.com **CIN:** U51909WB2009PLC133054

Note: Investors may contact our Company Secretary and Compliance Officer and/or Registrar to Issue and/or Book Running Lead Manager, for any pre-issue or post-issue related queries, such as non-receipt of letters of allotment, credit of allotted Equity Shares in the respective beneficiary account or refund orders, etc.

For and on behalf of VAIBHAV VYAPAAR LIMITED
Sd/-
Itha Venkata Raghava Gowrinath
Managing Director and Chairman
DIN: 08281079

Place: Bangalore
Date: 16.10.2026

The Level of Subscription should not be taken to be indicative of either the market price of the Equity Share on Listing or the business prospects of Vaibhav Vyapaar Limited.

Disclaimer: Vaibhav Vyapaar Limited has filed the Prospectus dated 16.10.2026, with the Registrar of Companies, Stock Exchange, and SEBI. The Prospectus is available on the respective websites of the NSE EMERGE www.nseindia.com, website of the Book Running Lead Manager and Issuer Company. Investors should note that investment in Equity Shares involves a high risk and for the details relating to the issue, refer "Risk Factors" beginning on page 27 of the Prospectus. The Equity Shares have not been and will not be registered under the U.S. Securities Act 1933, as amended (the "Securities Act") or any state securities laws in the United States and unless so registered, and may not be issued or sold within the United States, except pursuant to an exemption from, or in a transaction not subject to, the registration requirements of the Securities Act and in accordance with any applicable U.S. state securities laws. The Equity Shares are being issued and sold outside the United States in 'offshore transactions' in reliance on Regulation under the Securities Act and applicable laws of each jurisdiction where such Issue and sales are made. There will be no public issuing in the United States.

গাজোলে শিশুর বস্তাবন্দি দেহ উদ্ধার প্রতিবেশীর বাড়িতে

নিজস্ব প্রতিবেদন, মালদা: একদিন নিখোঁজ থাকার পর অবশেষে বস্তাবন্দী অবস্থায় প্রতিবেশী জেঠুর বাড়ি থেকেই আড়াই বছরের শিশুর নিথর দেহ উদ্ধার করালো পুলিশ। শুক্রবার মহাষষ্ঠীর সকালেই মর্মান্তিক এই খুনের ঘটনার বিষয়টি জানাজানি হতেই ব্যাপক শোরগোল পড়ে গিয়েছে গাজোল থানার ময়না পাইকপাড়া এলাকায়। শিশুকে খুনের ঘটনার অভিযোগে জিপ্তু গ্রামবাসীরা প্রতিবেশী অভিযুক্ত দম্পতিকে গণপিটুনি দিয়ে পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ জানিয়েছে, মৃত শিশুর জেঠিমা বিউটি পারভিনকে প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করা হয়েছে এবং তার জেঠু মুকলেসুর রহমানকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। পাশাপাশি মৃত শিশুর দেহটি ময়নাতদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজের মর্গে পাঠানোর ব্যবস্থা করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত শিশুর নাম মিসকার রাহমান। তার বয়স আড়াই বছর। বৃহস্পতিবার সকাল দশটা থেকে মসিউর রহমানের দুই বছরের ছেলে মিসকারকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। দীর্ঘক্ষণ ওই শিশু নিখোঁজ থাকার পর রাতে গাজোল থানায় একটি অভিযোগ দায়ের হয়। তারপরেও পরিবারে লোকেরা ওই শিশুর খোঁজ চালিয়ে যায় শুক্রবার সাত সকাল থেকেই আবারো বাড়ির লোক প্রতিবেশীদের সহযোগিতা নিয়েই পুকুরপাড় থেকে শুরু করে নানা জায়গায় ওই শিশুর খোঁজ শুরু করে। এরই মধ্যে প্রতিবেশী মুকলেসুর ও তার স্ত্রী বিউটি গতিবিধি ও কথাবার্তাতে এলাকাবাসীদের সন্দেহ হয়। ওই শিশুর পরিবার ও কিছু গ্রামবাসী মুকলেসুরের বাড়িতে ঢুকে খোঁজাখুঁজি শুরু করতেই দেখে একটি প্লাস্টিকের বস্তা বন্দি অবস্থায় উঠোনের এক কোণে রাখা রয়েছে। সেই বস্তা খুলতেই চক্ষু চড়ক গাছ হয়ে যায় সকলের। তার মধ্যেই ওই শিশুর দেহ লুকানো ছিল বলে অভিযোগ। মৃত শিশুর বাবা মসিউর রহমান পুলিশকে অভিযোগে জানিয়েছেন, তার ছেলের গলায় ও কপালে আঘাতে চিহ্ন এবং রক্তের দাগ রয়েছে। তাতেই অনুমান করা হচ্ছে তার বড় দাদা ও বৌদি, তার ছেলেকে খুন করেছে। এই ঘটনার পিছনে সম্পত্তিগত পুরনো বিবাদ রয়েছে। যা অভিযুক্তেরা স্বেচ্ছাসিনিভাবে হাতিয়ে নেওয়ার চেষ্টা করছিল। তা নিয়েও প্রতিবাদ করা হয়েছিল। এনিয়েই গোলমাল চলছিল দুই পরিবারের। গাজোল থানার পুলিশ জানিয়েছে, ওই শিশুর মৃত্যুর ঘটনার পিছনে প্রকৃত কি কারণ রয়েছে তা এখনও পরিষ্কার নয়। মৃতের পরিবার যে অভিযোগ করেছে সেটিও তদন্ত করে দেখা হচ্ছে। তবে ইতিমধ্যে ওই শিশুর জেঠিমা বিউটিকে জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করা হয়েছে।



বাগানানের হিজলক উত্তরপাড়া সর্বজনীন দুর্গাপুজো কমিটির প্রতিমা।

নজিরবিহীনভাবে দেবী দুর্গার আরাধনায় মাতল আদিবাসী মহল

বাঁকুড়ায় বকুল গাছ বিতরণ

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: জেলা মহাষষ্টির দিন নজিরবিহীনভাবে দেবী দুর্গা আরাধনায় মেতে উঠতে দেখা যায় আদিবাসী, শবর-সহ অসংখ্য দুস্থপরিবারকে। ছিড় বাঁধের শবরপাড়াগুলিতে দুঃস্থদের মধ্যে শাড়ি, লুঙ্গি, ছোটদের পোষাক ও খেলনা এবং বকুল গাছ বিতরণ করা হয়। কলকাতার এক দম্পতির নেতৃত্বে বাঁকুড়া জেলা-সহ রাজ্যের বিভিন্ন জায়গার সমাজসেবীদের কাজ থেকে এসব নতুন বস্ত্র নিয়ে বিতরন করা হয়। অন্যদিকে, জেলার পরিবেশবাদী এক সংস্থার পক্ষ থেকে ছাতনা ও গঙ্গাজল ঘাটি ব্লকে কলা, কচু, হলুদ, জয়ন্তী, বেল, ডালিম, অশোক, মানকচু গাছের চারা, বীজ ও সার বিতরণ করা হয়।

ছিড়বাঁধ ব্লকের কেলিয়াপাথর শবর পাড়ায় ১৭টি শাড়ি, ১টি বকুল গাছ, বাঁকাকনম শবরপাড়ায় ১৮ জন শিশুকে পোষাক, ১৪ জনকে শাড়ি ও ১০ জনকে লুঙ্গি এবং আশবেড়িয়া বাউড়ি পাড়ায় ২৬টি শাড়ি বিতরণ করা হয়। শ্রেয়াসের জন্মদিন এদের ৬৫কে নিয়ে দুপুরে ভোজের আয়োজন করা হয়। শীলা দত্ত, তনুশ্রী চক্রবর্তী, রিনি দাস, পায়েল গুপ্ত, মনোজিৎ মণ্ডল, বাবন নন্দী, আশেক মিস্ত্রি ও বিষ্ণু দাস এসব সামগ্রী সরবরাহ করেন। কলকাতার দম্পতি শুভেন্দু চন্দ্র ও সংঘলিতা তান্ত্রুলি চন্দ্র এই আয়োজনের উদ্যোগ নেন। অন্যদিকে, গাছকে দেবী মেনে গঙ্গাজলঘাটি তিনটি, ছাতনার ৮টি ও ছিড়বাঁধের ১টি মোট ২০টি আদিবাসি পাড়ায় পুজা করে



শারদ উৎসবপালন করে মাই ডিয়ার ট্রিড এন্ড ওয়াইল্ডস। বিগত বছরগুলির মত ৯৩টি পরিবারকে নবপত্রিকার গাছগুলির চারা ও বীজ সরবরাহ করা হয়। এই বীজ চাষ করে সেগুলি দুর্গাপুজার সময় বিক্রি করে এই পরিবারগুলি কিছুটা আয় করেন। এদিন দুপুরে এই পরিবারগুলিকে নিয়ে দুপুরে ভোজের আয়োজন করা হয়। আদিবাসী, শবর ও দুস্থ পরিবারের মহিলাদের দুর্গা মেনে শাড়ি তুলে দেওয়া হয়। স্বস্তি চ্যাটার্জি, মানসী দাস, ভারতী ব্যানার্জি, বিথিকা চক্রবর্তী, মিনু ব্যানার্জি, অনিতা সমাদ্দার, ঝুনী গঙ্গোপাধ্যায়, অর্চনা পাল, রিঙ্কু দেবনাথ, শর্মিষ্ঠা চক্রবর্তী, শ্রাবণী আচার্য্য, শিখা ঘোষ, রীতা ইন্দ্র, রনিকা সিংহ, সংগীতা বিশ্বাস, একতা গঙ্গোপাধ্যায় ও সুমিতা দত্ত-সহ ৩০জন পরিবেশবাদী শিল্পী এই সব সামগ্রী কেনার অর্থ দেন। তাদের বক্তব্য,গাছ লাগিয়ে ও রক্ষা করে, বৃষ্টির জল পুকুরে ধরার কাজে উৎসাহিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছিল।

হুগলির কামারকুণ্ডুতে যাত্রী বিক্ষোভ

একঘণ্টা দাড়িয়ে রইল আপ হাওড়া-গয়া বন্দেভারত এক্সপ্রেস

নিজস্ব প্রতিবেদন, হুগলি: প্রায় এক ঘণ্টা দাড়িয়ে রইল আপ হাওড়া-গয়া বন্দে ভারত এক্সপ্রেস ষষ্ঠীর সকালে চরম রেল বিভ্রাট। হাওড়া-বর্ধমান কর্ড লাইনে কামারকুণ্ডু স্টেশনে তুমুল যাত্রী বিক্ষোভ।

রেল সূত্রে জানা গিয়েছে, আপ(২২৫০৩) কন্যাকুমারী-ডিব্রুগড় বিবেক এক্সপ্রেস অত্যাধিক দেরিতে চলছে। বৃহস্পতিবার বিকেলে কামারকুণ্ডু স্টেশনে ঢোকার বদলে শুক্রবার সকাল সাড়ে ছটা নাগাদ ট্রেনটি কামারকুণ্ডুতে পৌঁছায়। এরপরেও ট্রেনটি কামারকুণ্ডু স্টেশনে দীর্ঘক্ষণ দাড় করিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। তারপরেই কন্যাকুমারী-ডিব্রুগড় এক্সপ্রেসের যাত্রীরা স্টেশনে নেমে পড়ে বিক্ষোভ দেখাতে থাকেন। লাইনের উপর দাঁড়িয়ে বিক্ষোভ চলে। আপ ২২৩০৩ হাওড়া-গয়া বন্দে ভারত দাঁড় করিয়ে দেয় যাত্রীরা। বিক্ষোভের খবর পেয়ে ঘটনাস্থলে রেল পুলিশ ও আধিকারিকরা উপস্থিত হন। তারপরও প্রায় ১ ঘণ্টা চলে বিক্ষোভ। এরপর যাত্রীদের অনেক বুঝিয়ে ৮টা নাগাদ আপ কন্যাকুমারী-ডিব্রুগড় এক্সপ্রেসকে রওনা করানো হয়। তারপর ৮.০৪ মিনিটে হাওড়া- গয়া বন্দে ভারত রওনা দেয়।

পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক বলেন, 'বিবেক এক্সপ্রেস দেরিতে চলছিল। আমাদের জোনে যখন ঢোকে তখন নও লেট ছিল। কামারকুণ্ডু স্টেশনে যখন ট্রেনটি দাঁড়ায়, তখন ন যাত্রীরা একটু ক্ষোভ দেখান। এখন ঠিক হয়ে গিয়েছে।' অন্যদিকে, এই আপ কন্যাকুমারী-ডিব্রুগড় এক্সপ্রেস লেট থাকার কারণে এবং যাত্রী পরিষেবার অভিযোগে ট্রেন থেকে নেমে যেতে বাধ্য হন একটি পরিবার। পরিবারের অভিযোগ, ডানকুনি থেকে উঠে ট্রেনের মধ্যে অসুস্থকর পরিবেশের জন্য কামারকুণ্ডুতে নেমে যেতে হয়। এই ট্রেনেই ডানকুনি থেকে এনজিপি অব্দি এস-৪ কোচে রিজার্ভেশন টিকিট কাটা ছিল তাঁদের। বেড়াতে না গিয়ে বাধ্য হয়েই কামারকুণ্ডুতে নেমে বাড়ি ফিরে যান তাঁরা। যাত্রী নেমে যাওয়ার বিষয়ে সিপিআরও-কে প্রশ্ন করা হলে বিষয়টি খোঁজ নেওয়া হবে বলে জানান তিনি।

আরামবাগে সিপিএমের বুক স্টল ঘিরে বিতর্ক



নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: হাইকোর্টের হস্তক্ষেপের পরও বামেদের বুক স্টল সমস্যা মিটলো না। আরামবাগে সিপিআইএমের বুক স্টল ঘিরে বিতর্ক, বিজেপির বিক্ষোভ বুক স্টল উঠিয়ে দেওয়ার অভিযোগ। যানজট এড়াতেই পুলিশি হস্তক্ষেপ বলে দাবি বিজেপি বিধায়কের। আরামবাগের গৌরহাটি মোড় এলাকায় সিপিআইএমের বুক স্টল বহু বছর ধরে হয়ে আসছে। শুক্রবার বিকেলের দিকে সিপিআইএমের নেতা-কর্মীরা চেয়ার-টেবিল পেতে ব্যানার লাগিয়ে বুক স্টল চালু করেছিলেন। অভিযোগ, সেই সময় বিজেপির কয়েকজন কর্মী সেখানে এসে তাঁদের বুক স্টল বসাতে বাধা দেন। এমনকী, স্টলের ব্যানার খুলে দেওয়ারও অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। সিপিআইএমের অভিযোগ, ঘটনাস্থলে আরামবাগ থানার পুলিশ এসে তাঁদের কাছে বুক স্টল বসানোর অনুমতি রয়েছে কি না, তা জানতে চায়। পুলিশের তরফে অনুমতি না থাকায় সেখানে বসা যাবে না বলে জানানো হয় বলে দাবি সিপিআইএম নেতা-কর্মীদের। এরপর তাঁরা সেখান থেকে সরে গিয়ে পাশেই সিপিআইএমের দলীয় কার্যালয়ে চলে যান। এই ঘটনায় সিপিআইএম নেতা পূর্ণেন্দু চট্টোপাধ্যায় জানান, বুক স্টল বসানোর বিষয়টি আগে থেকেই পুলিশকে জানানো হয়েছিল। সেই সময় তাঁদের বসতে বলা হয়েছিল বলেও দাবি করেন তিনি। কিন্তু পরে পুলিশের অবস্থান বদলে যায় বলে অভিযোগ তাঁর। তবে বাধার মুখে পড়লেও তাঁরা বই বিক্রি করবেন বলে স্পষ্ট জানিয়ে দেন সিপিআইএম নেতা। অন্যদিকে, সিপিআইএমের বুক স্টলে বসতে বিজেপি বাধা দিয়েছে, এই অভিযোগ উড়িয়ে দিয়েছেন আরামবাগের বিজেপি বিধায়ক হেমন্ত বাগ। তাঁর বক্তব্য, পুজোর সময় রাস্তায় ব্যাপক ভিড় হয়। সেই কারণে যানজট এড়াতে পুলিশ তাঁদের সেখান থেকে সরিয়ে দিয়েছে।

জঙ্গলমহলের পুজো মঞ্চে শারদ পত্রিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: শুক্রবার বেলপাহাড়ি ব্লকের ডেলাকুই সার্বজনীন দুর্গাপুজো অনুষ্ঠান মঞ্চে আয়োজিত সাহিত্য সম্মেলনে ঝাড়গ্রাম জেলার কবি সাহিত্যিকদের লেখায় সমৃদ্ধ কাশফুল পত্রিকার শারদ সংখ্যা প্রকাশ হয়েছে। জঙ্গলমহলের প্রত্যন্ত একটি গ্রামে দুর্গাপুজো ও পত্রিকা প্রকাশের উদ্যোক্তা হরেকৃষ্ণ মাহাতো, নলিনী মাহাতোর সঙ্গে কবি শিখা মল্লিক,



অরুনাভ বীর, জিতেন্দ্র নাথ মাহাতো, ছত্রমোহন মাহাতো ও অন্যান্য সাহিত্যিকরা কাশফুল শারদ সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করেন। সেই সঙ্গে এদিন জঙ্গলমহলের শিলদা থেকে প্রকাশিত নব অভিযান কবিতা পত্রিকার শারদ সংখ্যার মোড়ক উন্মোচন হয়। সংখ্যাটি প্রকাশিত হবে ২৫ শে অক্টোবর। জেলার প্রায় ৬০ জন নবীন ও প্রবীণ কবি সাহিত্যিকের উপস্থিতিতে ও তাদের গল্প কবিতা পাঠে সাহিত্য সভা সফল হয়। উপস্থিত সকলের হাতে তুলে দেওয়া হয় কাশফুল শারদ সংখ্যা।

৩৫০ বছরের প্রাচীন ঐতিহ্য অমরগড়ের রাজবাড়ির দেবী শিবাক্ষা

দুর্গোৎসবে দুর্গা আর কালীরূপে পূজিতা হন

সুজিত ভট্টাচার্য

পূর্ব বর্ধমান: বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো থেকে শুরু করে দীপাবলির কালীপুজো, শারদোৎসবের এই রঙিন মরসুমে আজও তার ঐতিহ্য ও গাম্ভীর্য ধরে রেখেছে পূর্ব বর্ধমানের অমরগড় গ্রামের প্রাচীন রাজবাড়ির দেবী শিবাক্ষা। প্রায় সাড়ে তিনশো বছরেরও বেশি পুরনো এই ঐতিহাসিক পুজোর ইতিহাস জড়িয়ে রয়েছে রাজা মহেন্দ্র রায় ও রানি অমরাবতীর স্মৃতিবিজড়িত সময়ের সঙ্গে। বর্তমান সময়েও সাবেকি নিয়ম ও পরম নিষ্ঠার সঙ্গে এই পুজো চালিয়ে যাচ্ছেন স্থানীয় রায় পরিবারের বংশধর ও গ্রামের বাসিন্দারা। কষ্টিপাথরের এক অনন্য ও প্রাচীন বিগ্রহ ঐতিহাসিক এই পুজোর কেন্দ্রবিন্দু হলো দেবী শিবাক্ষার অত্যন্ত আকর্ষণীয় ও প্রাচীন কষ্টিপাথরের বিগ্রহটি, যা একসময় কাটোয়ার গঙ্গার ঘাট থেকে উদ্ধার করা হয়েছিল। এই মূর্তির একটি বিশেষ ও দুর্লভ বৈচিত্র্য রয়েছে, এখানে দেবী একই সঙ্গে সিংহ ও শৃগালের পিঠে অধিষ্ঠাত্রী। বছরের অন্যান্য সময়ে নিত্যপূজো হলেও, শরৎকালের দুর্গাপুজায় এই দেবীই দুর্গারূপে এবং দীপাবলির কালীপুজায় কালীরূপে পূজিতা হয়ে আসছেন। ঐতিহ্য মেনে কালীপুজার রাতে দেবী শিবাক্ষাকে অত্যন্ত সমারোহের সঙ্গে স্থানীয় চাটুজ্জে পরিবারে নিয়ে যাওয়া হয়। সেখানে বিশেষ পুজো সম্পন্ন হওয়ার পর, ভাইফোঁটা বা ভ্রাতৃদ্বিতীয়ার দিনে দেবী পুনরায় তাঁর নিজস্ব মন্দিরে ফিরে আসেন। শত শত বছর ধরে চলে আসা এই নিয়মের ব্যতিক্রম হয় না আজও। দেবী শিবাক্ষার পুজোয় মেনে চলা হয় কঠোর সাবেকি নিয়ম। দেবীকে নিবেদন করা হয় ঐতিহ্যবাহী অম্লভোগ এবং নানা পদের ফলমূল, মিষ্টান্ন ও সুদৃশ্য নৈবেদ্য। এছাড়া মহাষ্টমীর সন্ধিপুজো এবং মহানবমীর দিনে বিশেষভাবে নবনারায়ণ সেবা ও ভক্তদের মাঝে মহা প্রসাদ বিতরণের আয়োজন করা হয়, যেখানে দূরদূরান্ত থেকে হাজার হাজার



ভক্ত সমবেত হন। কালের নিয়মেই রাজত্ব ও রাজপ্রাসাদ বিলীন হলেও অমরগড়ের এই প্রাচীন পুজোর ঐতিহ্য এবং মন্দির পরিচালনার মূল দায়িত্ব ও দেখভালের কাজটি আজ পরম নিষ্ঠার সঙ্গে পালন করে চলেছেন স্থানীয় রায় পরিবারের বংশধরগণ এবং গ্রামের সমস্ত বাসিন্দারা। তাঁদের এই সম্মিলিত প্রয়াসই সাড়ে তিনশো বছরের প্রাচীন এই কৃষ্টি ও সংস্কৃতিকে আজও সজীব ও উজ্জ্বল করে রেখেছে।

নুরপুরের শতবর্ষের বনেদি বাড়ির পুজো এখন সর্বজনীন

নবমীর মাছের টকই অন্যতম আকর্ষণ

নিজস্ব প্রতিবেদন, আউশগ্রাম: প্রায় একশো বছরের ঐতিহ্য। বনেদি বাড়ির অন্দরমহলে শুরু হওয়া দুর্গাপুজো আজ পরিণত হয়েছে গোটা গ্রামের মিলনোৎসবে। প্রজন্মের পর প্রজন্ম ধরে চলে আসা সেই পুজোকে ঘিরেই প্রতিবছর শারদোৎসবে মেতে ওঠেন নুরপুরের বাসিন্দারা। সাবেকি রীতিনীতি, বনেদি বাড়ির ঐতিহ্য এবং নবমীর দিন মাছের টক খাওয়ানোর বিশেষ প্রথা, সব মিলিয়ে নুরপুরের এই দুর্গাপুজো আজও স্বমহিমায় উজ্জ্বল। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রায় একশো বছর আগে স্বর্গীয় যতীন্দ্রনাথ কোনারের হাত ধরে এই দুর্গাপুজোর সূচনা হয়েছিল। সময়ের সঙ্গে পরিবারের পুজো আজ সর্বজনীন রূপ নিয়েছে। বর্তমানে পরিবারের সদস্যদের পাশাপাশি গ্রামের মানুষও পুজোর আয়োজন ও পরিচালনার দায়িত্ব সামলান। ফলে এই পুজো এখন আর কোনও একটি পরিবারের মধ্যে সীমাবদ্ধ নেই, বরং গোটা গ্রামের আবেগ ও ঐতিহ্যের সঙ্গে জড়িয়ে রয়েছে। নুরপুরের এই দুর্গাপুজোর অন্যতম আকর্ষণ নবমীর দিনের বিশেষ আয়োজন। ওই দিন প্রায় দু'হাজার মানুষের জন্য ভোগের ব্যবস্থা করা হয়। পুজোর ভোগের মেনুতেও রয়েছে দীর্ঘদিনের ঐতিহ্য। মাছের টক, কুমড়ো ও কচুর তরকারি রান্নার বিশেষ রীতি চলে আসছে বহু বছর ধরে। তবে সবকিছুকে ছাপিয়ে নবমীর দিন মাছের টক খাওয়ানোর প্রথা বিশেষভাবে পরিচিত। প্রায় একশো বছর ধরে চলে আসা এই রীতিই বর্তমানে পুজোর অন্যতম আকর্ষণ হয়ে উঠেছে। পুজোর



আচার-অনুষ্ঠানেও রয়েছে নিজস্ব বৈশিষ্ট্য। এই পুজোয় পশুবলির কোনও প্রথা নেই। তবে অষ্টমীর দিন মাসকলাই দিয়ে প্রতীকী বলির রীতি পালন করা হয়। পুরনো রীতিনীতি মেনেই প্রতি বছর পুজোর আয়োজন করা হয়। বনেদি বাড়ির সুবিশাল মন্দিরের সামনে রয়েছে বিশালাকার আটচালা। সেই আটচালাকে কেন্দ্র করেই পুজোর চারদিন উৎসবের পরিবেশ তৈরি হয়। পুজোর পাশাপাশি প্রতিদিন কলকাতা ও আশপাশের এলাকার পরিচিত শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুজোর দিনগুলিতে মন্দির চত্বর ও আটচালা ঘিরে গ্রামবাসীদের আনাগোনায় জমজমাট হয়ে ওঠে গোটা এলাকা। বর্তমানে কেশব কোনার, কার্তিক কোনার ও স্বপন কোনার পুজোর দায়িত্ব সামলাচ্ছেন। তাঁদের তত্ত্বাবধানে পারিবারিক ঐতিহ্য বজায় রেখেই এগিয়ে চলেছে এই পুজো। নুরপুরে এটিই একমাত্র দুর্গাপুজো হওয়ায় গ্রামের মানুষের আবেগও এই পুজোকে ঘিরে অনেক বেশি। জাতি-ধর্ম নির্বিশেষে গ্রামের মানুষ এই উৎসবে শামিল হন বলে স্থানীয়দের বক্তব্য। কাজের সূত্রে কলকাতা-সহ বিভিন্ন জায়গায় বসবাস করেন নুরপুরের বহু মানুষ। কিন্তু দুর্গাপুজোর সময় তাঁরা অনেকেই ফিরে আসেন নিজের গ্রামে। পরিবারের সদস্য, আত্মীয়স্বজন ও পুরনো প্রতিবেশীদের সঙ্গে মিলিত হয়ে পুজোর চারদিন আনন্দে কাটান তাঁরা। ফলে শারদোৎসবের এই কয়েকটি দিন কার্যত মিলনমেলায় পরিণত হয় নুরপুর। শতবর্ষের দোরগোড়ায় দাঁড়িয়ে থাকা এই দুর্গাপুজো তাই শুধুমাত্র ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ নয়। বনেদি বাড়ির ঐতিহ্য, সাবেকি রীতিনীতি, গ্রামের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং নবমীর মাছের টকের বিশেষ আয়োজন, সব মিলিয়ে নুরপুরের এই পুজো আজও ধরে রেখেছে তার নিজস্ব পরিচয়। সময় বদলেছে, পুজোর পরিসর বেড়েছে, কিন্তু ঐতিহ্যের টান আজও অমলিন।